গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.২২.০১৫.২৪.২৩৪

তারিখ: ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

বিষয়: বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন-২০২৫ প্রেরণ।

সূত্র: ৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৯.২৪-৬৬১, তারিখ: ১৩.১১.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বেসরকারী মেডিকেল কলেজে/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থী নির্বাচনের জন্য 'মেধাবী-অসচ্ছল শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন-২০২৫ প্রণয়ন করা হয়।

০২। এমতাবস্থায়, হালনাগাদকৃত গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সংশোধিত গাইডলাইন'২০২৫ -০৩ (তিন) পাতা

(রাহেলা রহমত উল্লাহ)
উপসচিব
ফোন-৫৫১০০৭৩০
ই-মেইল: me1@mefwd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা

স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪০.২২.০১৫.২৪.২৩৪

তারিখ: ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি), ঢাকা
০২. অধ্যক্ষ, সকরকারি মেডিকেল কলেজ (সকল)
০৩. অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল কলেজ (সকল)
০৪. উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
০৫. বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)
০৬. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (গাইডলাইনটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৯. যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১০. অফিস কপি

(রাহেলা রহমত উল্লাহ)
উপসচিব

# বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস/বিডিএস কোর্সে মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে নির্বাচন গাইডলাইন-২০২৫

## ১. মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

ক) বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ-এ মেধাবী-অসচ্ছল ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে জাতীয়ভাবে অনুষ্ঠিত এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) শিক্ষার্থীর অভিভাবককে অসচ্ছল হতে হবে।

## ২. আবেদন প্রক্রিয়া

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির লক্ষ্যে আবেদন প্রক্রিয়া হবে নিম্নরূপ:

ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত ভর্তির লক্ষ্যে বেসরকারি চিকিৎসা শিক্ষার প্রতিষ্ঠানে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি প্রক্রিয়া শুরুর সময় একই সাথে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।

খ) ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ সরকার নির্ধারিত ওয়েব লিংকে (http://dgme.teletalk.com.bd) প্রদর্শিত কলেজ/ইউনিট হতে পছন্দক্রম উল্লেখ করে আবেদন করবে।

গ) আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীকে তার অভিভাবকের বাৎসরিক আয়, স্থাবর সম্পত্তির আর্থিক মূল্যমান এবং অন্যান্য তথ্য অনলাইন আবেদনের নির্ধারিত ট্যাবে ড্রপ ডাউন বক্স হতে নির্ধারণ করে অঙ্গীকারনামায় ক্লিক করতে হবে।

## ৩. নির্বাচন পদ্ধতি

### (১) **পূর্ণমান/ স্কোরিং:**

মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে নির্বাচন করার ক্ষেত্রে পূর্ণমান/ স্কোরিং হবে ১০০, যার বিভাজন হবে নিমুরূপ:

(ক) জাতীয় ভাবে অনুষ্ঠিত এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরের আলোকে নির্ধারিত নম্বর: ৬০

(খ) শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সচ্ছলতা ও সক্ষমতার তথ্য ও বিবরণীর আলোকে নির্ধারিত নম্বর: ৪০

### (২) **প্রাপ্ত নম্বর নির্ধারণ:**

মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ/ ইউনিটে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীর ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে ০.৬ গুণ করে স্কোর বা নম্বর নির্ধারণ করা হবে। উদাহরণস্বরূপ, ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় কোনো পরীক্ষার্থী ১০০ নম্বর প্রাপ্ত হলে এক্ষেত্রে তার স্কোর হবে ১০০X ০.৬ = ৬০।

(৩) **শিক্ষার্থীর অভিভাবকের অসচ্ছলতার মাত্রা নির্ধারণ:**

(ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক অসচ্ছলতার মাত্রা পরিমাপের জন্য অভিভাবকের পেশা, বার্ষিক আয়, স্থাবর সম্পত্তির মূল্যমান ও আর্থিক সক্ষমতাসহ ও নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচ্য হবে:

(i) অভিভাবকের বার্ষিক আয় (পিতা ও মাতার যৌথ আয়)

(ii) স্থাবর সম্পত্তির মূল্যমান (পিতা ও মাতার যৌথ)

(iii) সামাজিক খাদ্য নিরাপত্তা কর্মসূচি ভিজিএফ, ভিজিডি, টিসিবি এর আওতাভুক্ত উপকারভোগীর সন্তান কি না? ☐হ্যাঁ ☐না

(iv) সরকার নির্ধারিত দূর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থী কি না?

☐হ্যাঁ ☐না

(v) এতিম শিক্ষার্থী/ ভাতা প্রাপ্ত স্বামী পরিত্যাক্তা/ বিধবা/ বয়স্ক / প্রতিবন্ধি মা-বাবার সন্তান কি না? ☐হ্যাঁ ☐না

(vi) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতনক্রমের ১৭-২০তম গ্রেডের বেতনভূক্ত কর্মচারীর সন্তান বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তান কিনা?

☐হ্যাঁ ☐না

(vii) ক্ষুদ্র ব্যবস্যা/ প্রান্তিক কৃষক/ মৎসজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবী পিতা-মাতার সন্তান কি না

☐হ্যাঁ ☐না

(খ) অভিভাবকের বার্ষিক আয় বিবেচনায় স্কোর নির্ধারণ:

অভিভাবকের বার্ষিক আয়ের ক্ষেত্রে পূর্ণমান বা স্কোর হবে '০৪' (চার) । নিম্নে বর্ণিত ছকে প্রদত্ত আর্থিক মূল্যমান এর বিপরীতে নির্ধারিত মান অনুযায়ী অভিভাবকের বার্ষিক আয়ের ক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর বা নম্বর নির্ধারণ করা হবে:

অভিভাবকের বার্ষিক আয় (পিতা ও মাতার যৌথ আয়): (পূর্ণমান/স্কোর-০৪)

| ক্রম | আর্থিক মূল্যমান (টাকা) | নির্ধারিত মান বা স্কোর |
|---|---|---|
| ০১ | ১৫,০০,০০০ টাকার উর্ধ্বে | ০ |
| ০২ | ১২,৫০,০০১/ - ১৫,০০,০০০/ | ০.৫ |
| ০৩ | ৯,৫০,০০১/ - ১২,৫০,০০০/ | ১.০ |
| ০৪ | ৭,০০,০০১/ - ৯,৫০,০০০/ | ১.৫ |
| ০৫ | ৫,০০,০০১/ - ৭.০০.০০০/ | ২.০ |
| ০৬ | ৩,৫০,০০১/ - ৫,০০,০০০/ | ২.৫ |
| ০৭ | ২,৫০,০০১/ - ৩,৫০,০০০/ | ৩.০ |
| ০৮ | ১,৮০,০০১/ - ২.৫০,০০০/ | ৩.৫ |
| ০৯ | ১,৮০,০০১/ বা এর নিম্নে | ৪.০ |

(গ) স্থাবর সম্পত্তির মূল্যমান (পিতা ও মাতার যৌথ) বিবেচনায় মূল্যায়নপূর্বক স্কোর বা মান নির্ধারণ:

শিক্ষার্থীর অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান (পিতা ও মাতার যৌথ) বিবেচনায় মূল্যায়নের পূর্ণমান বা স্কোর হবে '০৬' (ছয়)। নিম্ন বর্ণিত ছকে প্রদত্ত আর্থিক মূল্যমান এর বিপরীতে নির্ধারিত মান অনুযায়ী অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান বিবেচনায় শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর নির্ধারণ করা হবে।

অভিভাবকের স্থাবর সম্পত্তির মূল্যমান (পিতা ও মাতার যৌথ): (পূর্ণমান/স্কোর-০৬)

| ক্রম | আর্থিক মূল্যমান (টাকা) | নির্ধারিত মান বা স্কোর |
|---|---|---|
| ০১ | ১৭,০০,০০১/ - ২৫,০০,০০০/ | ০ |
| ০২ | ১৩,০০,০০১/ - ১৭,০০,০০০/ | ১ |
| ০৩ | ১০,০০,০০১/ - ১৩,০০.০০০/ | ২ |
| ০৪ | ৭,৫০,০০১/ - ১০,০০,০০০/ | ৩ |
| ০৫ | ৫,০০,০০১/ - ৭,৫০,০০০/ | ৪ |
| ০৬ | ৩,০০,০০১/ - ৫,০০,০০০/ | ৫ |
| ০৭ | ৩,০০,০০০/ বা এর নিম্নে | ৬ |

(ঘ) সামাজিক খাদ্য নিরাপত্তা কর্মসূটি ভিজিএফ, ভিজিডি, টিসিবি এর আওতাভুক্ত উপকারভোগীর সন্তানের ক্ষেত্রে স্কোর নির্ধারণ: (পূর্ণমান/স্কোর-০৬)

[উদাহরণস্বরূপ, কোনো শিক্ষার্থীর পিতা বা মাতা সামাজিক খাদ্য নিরাপত্তা কর্মসূচির উপকারভোগী হলে শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর হবে '০৬', অন্যথায় স্কোর হবে '০']

(ঙ) সরকার নির্ধারিত দূর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে স্কোর নির্ধারণ: পূর্ণমান/স্কোর-০৬

সরকার নির্ধারিত দূর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে আবেদনকারী শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীর পূর্ণমান বা স্কোর হবে ০৬।

[উদাহরণস্বরূপ, শিক্ষার্থী যদি সরকার নির্ধারিত দুর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ হয় তাহলে তার প্রাপ্ত স্কোর হবে '০৬' (ছয়), অন্যথায় স্কোর হবে '০']

(চ) এতিম শিক্ষার্থী বা স্বামী পরিত্যক্তা ভাতা/বিধবা ভাতাপ্রাপ্ত ব্যক্তির সন্তান বা প্রতিবন্ধীর সন্তানের ক্ষেত্রে স্কোর নির্ধারণ: (পূর্ণমান/স্কোর-০৬)

আবেদনকারী শিক্ষার্থী এতিম বা স্বামী পরিত্যক্তা ভাতা/বিধবা ভাতাপ্রাপ্ত ব্যক্তির বা প্রতিবন্ধীর সন্তানের ক্ষেত্রে পূর্ণমান বা স্কোর হবে '০৬' (ছয়)।

[উদাহরণস্বরূপ, কোনো আবেদনকারী শিক্ষার্থী যদি এতিম হয় বা স্বামী পরিত্যক্তা ভাতা/বিধবা ভাতাপ্রাপ্ত ব্যক্তির সন্তান হয় বা প্রতিবন্ধীর সন্তান হয় সেক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর হবে '০৬' (ছয়), অন্যথায় স্কোর হবে '০']

(ছ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর সন্তান বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তানের ক্ষেত্রে স্কোর নির্ধারণ: (পূর্ণমান/স্কোর-০৬)

[উদাহরণস্বরূপ, কোনো আবেদনকারী শিক্ষার্থী যদি সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০ এর বেতনভুক্ত কর্মচারীর সন্তান বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির সন্তান হয়, সেক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর হবে '০৬'(ছয়), অন্যথায় স্কোর হবে '০']

(জ) ক্ষুদ্র ব্যবসা/প্রান্তিক কৃষক/ মৎসজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তানদের ক্ষেত্রে স্কোর নির্ধারণ: (পূর্ণমান/স্কোর-০৬)

[উদাহরণস্বরুপ কোনো আবেদনকারী শিক্ষার্থী যদি ক্ষুদ্র ব্যবসা/প্রান্তিক কৃষক/ মৎসজীবী/ অন্যান্য নিম্ন আয়ের শ্রমজীবীর সন্তান হয় সেক্ষেত্রে শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর হবে '০৬' (ছয়) অন্যথায় স্কোর হবে '০']

## ০৪. ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সচ্ছলতা যাচাইকরণ

ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের আর্থিক সচ্ছলতা পরিমাপের ক্ষেত্রে নিম্নলিখিত প্রমাণকসমূহ যাচাই করতে হবে:

ক) স্থাবর সম্পত্তির মূল্যমানের প্রমাণকের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার ভূমির প্রত্যয়ন দাখিল করতে হবে।

খ) বার্ষিক আয়ের স্বপক্ষে সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যাংক হিসাব/ বেতন বিবরণী/ আয়কর সনদ দাখিল করতে হবে।

গ) ভিজিডি, ভিজিএফ, টিসিবি কার্ডধারী কে অনুমোদিত কার্ড/ তালিকার সত্যায়িত কপিসহ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

ঘ) টিসিবি কার্ডধারীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কমপক্ষে ০৩ বছর পূর্বে ইস্যুকৃত কার্ড দাখিল করতে হবে।

ঙ) দূর্গম এলাকার শিক্ষা প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১১.১৭.৭৬ তারিখ: ১৯/০২/২০১৯ প্রজ্ঞাপনে নির্ধারিত দূর্গম এলাকার তালিকা অনলাইনে আবেদন ফরমের ড্রপডাউনে অন্তর্ভূক্ত করতে হবে।

চ) সরকারী/ বেসরকারী চাকুরীজীবীদের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয় সংক্রান্ত প্রত্যয়ন দাখিল করতে হবে।

ছ) অন্যান্য শ্রমজীবী/ নিম্ন আয়ের মানুষের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা / সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত উপযুক্ত প্রমানক সংযুক্ত করতে হবে।

[উল্লেখ্য: ক্ষুদ্র ব্যবসার প্রমাণক হিসাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কমপক্ষে ০৩ বছর পূর্বে ইস্যুকৃত এবং ধারাবহিকভাবে নবায়নকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে]

জ) এতিম শিক্ষার্থী প্রমাণের জন্য স্থানীয় সমাজসেবা কার্যালয়ের প্রত্যয়ন দাখিল করতে হবে।

ঋ) বাবা-মায়ের পেশা যাচাইয়ের জন্য আবেদন ফরমে NID কার্ডের নম্বর সংযোজন করতে হবে।

ঞ) গভর্নিং বডি প্রয়োজন মনে করলে যেকোনো আবদনকারীর তথ্য স্থানীয় প্রশাসনের মাধ্যমে তদন্ত করতে পারবেন।

চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭-২০-এর বেতনভুক্ত কর্মচারীর সন্তান বা সমপর্যায়ের বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তির বার্ষিক বেতন বিবরণী, ব্যাংক হিসাববিবরণী ও পেনশন বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।

**৫. মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে নির্বাচন চূড়ান্তকরণ :**

ক) মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে আবেদনকারীদের মধ্য হতে অনুচ্ছেদ ০৩- এর আলোকে ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর ও অভিভাবকের আর্থিক সচ্ছলতার ক্ষেত্রে প্রাপ্ত স্কোর-এর ভিত্তিতে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে মোট আসনের চার গুণ সংখ্যক শিক্ষার্থীকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে মনোনয়ন প্রদান করে মেডিকেল কলেজ ডেন্টাল কলেজগুলোর মধ্যে বন্টন করবে।

খ) সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজের পরিচালনা পর্ষদ কর্তৃক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর হতে মনোনীত আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করত: অনুচ্ছেদ-৩ এবং অনুচ্ছেদ-৪ এর আলোকে প্রকৃত অসচ্ছল মেধাবী শিক্ষার্থী নির্বাচন করতে হবে।

গ) সংশ্লিষ্ট মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজের পরিচালনা পর্ষদ সর্বসম্মতিক্রমে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তপূর্বক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে।

ঘ) অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকের অসচ্ছলতার স্বপক্ষে দাখিলকৃত দালিলিক তথ্য/প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হলে তার আবেদন/ কলেজ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ২য় বার এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

**৬. অন্যান্য:**

(ক) বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে অসচ্ছল-মেধাবী শিক্ষার্থীদের সংরক্ষিত আসনে ভর্তির জন্য কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় আবেদন করার সময় যে তথ্য উল্লেখ করবে তা সফটওয়্যার দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

(খ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যান বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর অভিভাবকের অস্বচ্ছলতা প্রমাণের শর্ত সমূহ সময়ে সময়ে যৌক্তিকভাবে পুন:নির্ধারণ করতে পারবে।

১৩/০৪/০২৫

(ডা. মো: সারোয়ার বারী)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়